মেহেরপুরে আনসার ও ভিডিপি’র উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কিত এক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রশিক্ষণার্থী ব্যারাকের ক্লাসরুমে এ উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশিক্ষক মানিক মিয়ার সঞ্চালনায় জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত উক্ত সভায় সভাপতিত্ব করেন।

জেলা কমান্ড্যান্ট তার বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রী বয়স্ক জনগোষ্ঠীকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতায় আনয়নে প্রথম উদ্যোগ গ্রহণ করেন। এ লক্ষ্যে তিনি ২০০৮ সনের জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে একটি সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তন করার বিষয়ে সুস্পষ্ট অঙ্গীকার ব্যক্ত করাসহ ২০২২-২৩ অর্থবছরের বাজেট অধিবেশনে সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তনের ঘোষণা প্রদান করেন। এর ধারাবাহিকতায় সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ প্রণীত হয় যার অধীনে প্রধানমন্ত্রী গত ১৭ আগস্ট ২০২৩ তারিখ সর্বজনীন পেনশন কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এতে জেলা কার্যালয়সহ বিভিন্ন উপজেলার কর্মকর্তা-কর্মচারী, ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা-দলনেত্রী, উপজেলা/ইউনিয়ন আনসার কোম্পানি কমান্ডার ও অন্যান্য ভাতাভোগী সদস্যগণ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে, এ পর্যন্ত মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাতাভোগী সদস্যদের মধ্যে ৭৫ জন এ স্কিমের আওতায় এসেছেন।

দামুড়হুদায় ফুটবল

টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৫টার সময় দামুড়হুদা ফুটবল সংগঠকদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পবিত্র ঈদুল আযহা পরবর্তী ফুটবল টুর্নামেন্টের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ ছিলো কানায় কানায় পরিপূর্ণ। অনেক দিন পরে দামুড়হুদা উপজেলার ফুটবল প্রেমীরা খেলার প্রকৃত স্বাদ অনুভব করেন।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনির্বাচিত দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা শ্রমিক লীগের সভাপতি আব্দুল কাদির, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজের ক্রীড়া প্রভাষক বশির আহাম্মেদ। এছাড়াও উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, সহরাব হোসেন মধু ওস্তাদ, সাবেক ইউপি সদস্য আবুল হাসেম, ক্রিয়া সংগঠক লুতফর রহমান, ইনামুল হক, জাকির হোসেন, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের ম্যানেজার শহিদ আজম সদু সহ বিভিন্ন আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

ফাইনাল খেলায় অংশগ্রহণ করেন দামুড়হুদা একাডেমী বনাম দামুড়হুদা একাদশ। নির্ধারিত সময়ের মধ্যে উভয় দল কোন গোল করতে না পারায় খেলা ট্রাইবেকার পর্যন্ত পৌছায়। ট্রাইবেকারে ঘটে ঐতিহাসিক ইতিহাস। মোট ১১/১১ ট্রাইবেকারে দামুড়হুদা একাদশ ০৯টি গোল করে জয়লাভ করে এবং দামুড়হুদা একাডেমি ০৮টি গোল করে অর্থাৎ ১ গোলে পরাজিত হয়। মনোমুগ্ধকর খেলা উপভোগ করেন উপস্থিত দর্শকবৃন্দ।

খেলায় আমন্ত্রিত উপস্থিত অতিথি বৃন্দ দামুড়হুদা একাডেমী কে চাম্পিয়ান ট্রফি ও দামুড়হুদা একাদশকে রানার্সআপ ট্রফি প্রদান করা হয়। খেলায় রেফারি দায়িত্ব পালন করেন নিপুন, আলো, ইউসুফ আলী এবং

ধারাভাষ্যকারে ছিলেন শওকত হোসেন।

ঝিনাইদহে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি-২০২৩-২৪ এর আওতায় ঝিনাইদহে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকালে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে জেলা শহরের ভূটিয়ারগাতি প্রাথমিক স্কুল সংলগ্ন পুকুরে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

পূর্বাঞ্চল সুইমিং ক্লাবের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন ক্রীড়াবিদ জয়নাল আবেদীন, ক্রীড়া শিক্ষক সুমাইয়া পারভীন, উপজেলা ও জেলা ক্রীড়া অফিসসহ জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। এতে ২০ টি ইভেন্টে ৪০ জন ক্ষুদে সাঁতারু অংশগ্রহণ করে।

মেহেরপুরের গহরপুরে ইউনিয়ন যুব মহিলা লীগের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল পাঁচটায় গহরপুর গ্রামে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের বার্তা পৌঁছে দিতে পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি হেলেনা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, বাংলাদেশ যুব মহিলা কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মেহেরপুর সদর উপজেলার আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, মেহেরপুর সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আনারুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম মাস্টার। অনুষ্ঠান সঞ্চালনা করেন পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক সবিতা খাতুন। অনুষ্ঠানে বক্তারা সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের বিভিন্ন দিক তুলে ধরেন।

জনপ্রশাসন মন্ত্রী তার বক্তব্যের শুরুতে বলেন, আপনারা দীর্ঘ সময় ধরে এখানে অপেক্ষা করছেন এজন্য আপনাদের ধন্যবাদ জানায়। আপনারা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে পিরোজপুর ইউনিয়ন থেকে আমাকে বিপুল ভোটে জয়যুক্ত করেছেন এতে পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগ অনেক পরিশ্রম করেছে এজন্য আপনাদের ধন্যবাদ ও কৃতজ্ঞা জানায়। এই নির্বাচনে মেহেরপুরবাসি শান্তি এবং উন্নয়নের জন্য আমাকে ভোট দিয়েছেন।

মেহেরপুরে ওলামা মাশায়েখ সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুরে “সন্ত্রাস ও উগ্রবাদ নিরসন, নারী নির্যাতন,বাল্যবিবাহ ও মাদকাসক্তি নির্মূল এবং দুর্নীতি প্রতিরোধে করণীয়” শীর্ষক

ওলামা মাশায়েখ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও এসময় ইসলামিক ফাউন্ডেশনের উপ পরিচালক সিরাজুম মনির, ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান,ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৪ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪ টায় উপজেলার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ মাঠে অনুষ্ঠিত এই ফাইনাল খেলা গোল শুন্য ভাবে ড্র হয়। পরে উভয় দলের মধ্যে টাই-বেকার অনুষ্ঠিত হয়। উক্ত টাই-বেকারে ৬-৫ গোলের ব্যবধানে বঙ্গমাতা গোল্ডকাপ টুর্নামেন্টে রহিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয চ্যাম্পিয়ন হয় এবং রানার্সআপ হয় দখলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ে◌েময়েরা।

একই ভেন্যুতে বিকাল সাড়ে ৪টায় বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনালে ৪-২ গোলের ব্যবধানে পারবর্তীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয় এবং রানার্সআপ হয় হরিশপুর

সরকারি প্রাথমিক বিদ্যালয়।

উপজেলা নির্বাহি কর্মকর্তা আক্তার হোসেনের সভাপতিত্বে উক্ত টুর্ণামেন্টের প্রধান অতিথি হিসেবে ছিলেন, উপজেলা চেয়ারম্যান সাইফুল ইসলাম টিপু মল্লিক। বিশেষ অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, উপজেলা ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলাম ইশা। এছাড়াও হরিণাকুণ্ডু প্রিয়নাথ স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের সাবেক আহবায়ক রিগ্যান আলী, উপজেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সবুজ মল্লিক, উপজেলা শ্রমিকলীগের সভাপতি আব্দুল হান্নানসহ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

সার্বিক তত্বাবধানে ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা আব্দুর রহমান এবং অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শিক্ষক খুরশিদ সোয়াইব বাবুল।

মুজিবনগরে শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে অনুষ্ঠিত শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে সিডিপি ম্যানেজার সূব্রত টুডু এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

গুডনেইবারর্স শিশু পরিষদের সভাপতি রোকেয়া খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুডনেইবারর্স এর সিনিয়র কর্মকর্তা এস এম রিফাত আল মাহমুদ, সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন।

শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠানে শিশুশ্রম ও বাল্যবিবাহের

কুফল এবং প্রতিরোধের উপায় এবং শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে সরকারের পদক্ষেপসমূহের উপরে অতিথিরা বিস্তারিত আলোচনা করেন। শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে উপজেলা ৭০ জন শিশু এবং ৩০ জন মা অংশগ্রহণ করে।

মেহেরপুরের আমদহ ইউনিয়নের শিশুবরণ ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধকল্পে শিশুদের বিদ্যালয়ে আনন্দ মুখর ও অনিয়মিত দুর করতে এবং বাল্যবিবাহ, ইভটিজিং প্রতিরোধে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের আমদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশুবরণ ও অভিভাবক সমাবেশ এবং সাহেবপুর স:প্র:বিদ্যালয়ে শিশুবরণ অনুষ্ঠিত হয়।

আজ বুধবার সকাল ১০ টার সময় অত্র বিদ্যালয়ের নবীন ছাত্র-ছাত্রীদের নিয়ে শিশুবরণ এবং বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্র ছাত্রীদের মায়েদের নিয়ে অভিভাবক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় ও মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর আয়োজনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন আমদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হাসমত আলী।

এ সময় অনুষ্ঠানে বিদ্যালয়ের সহকারী শিক্ষক তানিয়া এরিজা কেয়া, জান্নাতুল ফেরদৌস, মোছা: আক্তারুন নেছা, এস.এম.সি সদস্যবৃন্দ, ওয়াচ সদস্য ও যুব ফোরামের সদস্যগণ গুরুত্বপূর্ন বক্তব্য রাখেন।

সভায় অভিভাবকদের দায়-দায়িত্ব ও করণীয়, বাল্যবিবাহ এবং ইভটিজিং প্রতিরোধে আলোচনা রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

পরে নবীন শিশুদের ফুল দিয়ে ও মিষ্টি মুখ করে বরন করে নেওয়া হয় এবং প্রত্যেক শিশুর হাতে বিশেষ উপহার তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণী পেশার অভিভাবক সহ ৬০জন উপস্থিত ছিলেন সঞ্চারনায় ছিলেন মানবাধীকার কর্মী মোছা: কাজল রেখা।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে অভিভাবক ও মা সমাবেশ অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধকল্পে শিশুদের বিদ্যালয়ে আনন্দ মুখর ও অনিয়মিত দুর করতে এবং বাল্যবিবাহ এবং ইভটিজিং প্রতিরোধে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের ময়ামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক ও মা সমাবেশ অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদের মায়েদের নিয়ে অভিভাবক ও মা সমাবেশ অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উক্ত বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোকলেচুর রহমান (লাল্টু)।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, জন প্রতিনিধি, এস এম সি ও ওয়াচ গ্রুপ, যুব ফোরাম সহ অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় অভিভাবকদের দায়-দায়িত্ব ও করণীয়, বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে আলোচনা রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। এছাড়া বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহা: ওয়াহেদুল ইসলাম, এস.এম.সি সভাপতি মো: মকলেচুর রহমান ও যুব ফোরামের সদস্যগণ গুরুত্বপূর্ন বক্তব্য রাখেন।

গণসাক্ষরতা অভিযান এর সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণী পেশার অভিভাবক সহ ৬০ জন উপস্থিত ছিলেন সঞ্চারনায় ছিলেন মানবাধীকার কর্মী মোছা: কাজল রেখা।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে শিশু বরণ অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধ কল্পে শিশুদের বিদ্যালয়ে আনন্দ মুখর ও অনিয়মিত দুর করতে মেহেরপুর সদর উপজেলার রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশু বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত
হয়।

আজ রবিবার সকাল ১০ টার সময় প্রাক প্রাথমিক এবং অন্যান্য শ্রেনীতে ভর্তিকৃত ছাত্র ছাত্রীদের নিয়ে শিশুবরণ অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আয়োজনে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, জন প্রতিনিধি, এস এম সি ও ওয়াচ গ্রুপ সদস্য সহ অভিভাবকগণ।

এসময় অভিভাবকদের দায়-দায়িত্ব ও করণীয় সম্পর্কে বিশদ আলোচনা রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

এছাড়া বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মিজানুর রহমান, ইউপি ও ওয়াচ সদস্য আব্দুল মজিদ এবং এস.এম.সি ও যুব ফোরামের সদস্যগণ গুরুত্বপূর্ন বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে নবীন শিশুদের ফুল দিয়ে ও মিষ্টি মুখ করে বরন করে নেওয়া হয় এবং প্রত্যেক শিশুর হাতে বিশেষ উপহার তুলে
দেওয়া হয়।